# শারী'য়াহ্ অ্যাডভাইজরি বোর্ড উপবিধি ২০১৯

"আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড এর ব্যবস্থাধীনে পরিচালিত ইসলামী শারী'য়াহ্ ভিত্তিক ফান্ডসমূহের উপবিধি"

# প্রথম অধ্যায়

১। ভুমিকা

ক. যেহেতু 'ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ' এর সাবসিডিয়ারি কোম্পানি 'আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড' বা 'আএএমসিএল' ইসলামী শারী'য়াহ্‌ ভিত্তিক ফান্ড গঠন ও পরিচালনা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে;

খ. যেহেতু ট্রাস্ট ডীডে বর্ণিত ট্রাস্টি কর্তৃক 'আএএমসিএল' এর ব্যবস্থাধীনে পরিচালিত "ইসলামী শারী'য়াহ্‌ ভিত্তিক ফান্ডসমূহের" পরিচালনার নিমিত্ত শারী'য়াহ্‌ অ্যাডভাইজরি বোর্ড গঠিত হয়েছে;

গ. যেহেতু 'আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড' এর ব্যবস্থাধীনে পরিচালিত "ইসলামী শারী'য়াহ্‌ ভিত্তিক ফান্ডসমূহের" শারী'য়াহ্‌ অ্যাডভাইজরি বোর্ড এর জন্য উপবিধি প্রণয়ন করা আবশ্যক;

ঘ. সেহেতু 'আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড' এর ব্যবস্থাধীনে পরিচালিত "ইসলামী শারী'য়াহ্‌ ভিত্তিক ফান্ডসমূহের" শারী'য়াহ্‌ অ্যাডভাইজরি বোর্ড এর উপবিধি প্রণয়ন করা হলো।

২। পরিভাষা

সংক্ষিপ্ত শিরোনাম-এ উপবিধি "ইসলামী শারী'য়াহ্‌ ভিত্তিক ফান্ডসমূহের শারী'য়াহ্‌ অ্যাডভাইজরি বোর্ড উপবিধি ২০১৯" নামে অভিহিত হবে। এ উপবিধি আএএমসিএল এর পরিচালনা বোর্ড কর্তৃক অনুমোদনের তারিখ হতে কার্যকর হবে।

৩। সংজ্ঞা- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকলে এ উপবিধিতে-

ক. 'শারী'য়াহ্‌ অ্যাডভাইজরি বোর্ড' বলতে ফিক্বহুল মু'আমালাত (Islamic Jurisprudence) বিষয়ে পারদর্শী ফক্বীহ সদস্যগণের সমন্বয়ে গঠিত স্বাধীন স্বত্তাকে বুঝাবে। এ বোর্ড ফান্ডসমূহের সার্বিক কার্যক্রম বিশেষ করে দিকনির্দেশনা প্রদান, তত্ত্বাবধান ও পর্যবেক্ষণ করবে এবং ফান্ডসমূহের লেনদেন ইসলামী শারী'য়াহ্‌র বিধানাবলী ও মূলনীতি অনুসরণ করে পরিচালিত হচ্ছে কিনা তা নিশ্চিত করবে;

খ. ফান্ড বলতে 'আএএমসিএল এর ব্যবস্থাধীনে পরিচালিত ইসলামী শারী'য়াহ্‌ ভিত্তিক ফান্ডসমূহকে' বুঝাবে;

গ. 'কোম্পানি' বলতে 'আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড' বুঝাবে;

ঘ. 'পরিচালনা বোর্ড' বলতে 'আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড এর পরিচালনা বোর্ড' বুঝাবে;

ঙ. 'বোর্ড বা শারী'য়াহ্‌ অ্যাডভাইজরি বোর্ড' বলতে "ইসলামী শারী'য়াহ্‌ ভিত্তিক ফান্ডসমূহের শারী'য়াহ্‌ অ্যাডভাইজরি বোর্ড" বুঝাবে ;

চ. 'বোর্ড সভাপতি' বলতে "ইসলামী শারী'য়াহ্‌ ভিত্তিক ফান্ডসমূহের শারী'য়াহ্‌ অ্যাডভাইজরি বোর্ডের সভাপতি" বুঝাবে;

ছ. 'বোর্ড সদস্য' বলতে "ইসলামী শারী'য়াহ্‌ ভিত্তিক ফান্ডসমূহের শারী'য়াহ্‌ অ্যাডভাইজরি বোর্ডের সদস্য" বুঝাবে;

জ. 'সচিব' বলতে "ইসলামী শারী'য়াহ্‌ ভিত্তিক ফান্ডসমূহের শারী'য়াহ্‌ অ্যাডভাইজরি বোর্ডের সচিব" বুঝাবে;

ঝ. 'মুরাক্বিব' বলতে "ইসলামী শারী'য়াহ্‌ ভিত্তিক ফান্ডসমূহের শারী'য়াহ্‌ অ্যাডভাইজরি বোর্ডের মুরাক্বিব" বুঝাবে;

ঞ. 'প্রধান নির্বাহী কর্মকর্তা' বলতে 'আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড এর প্রধান নির্বাহী কর্মকর্তাকে' বুঝাবে;

ট. 'কর্মচারী' বলতে 'আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড এর সংশ্লিষ্ট কর্মচারী' বুঝাবে;

ঠ. 'শারী'য়াহ্' বলতে 'পবিত্র কুরআন, সুন্নাহ্, ইজমা এবং কিয়াসভিত্তিক বিধানাবলী' বুঝাবে;

ড. 'উপবিধি' বলতে "ইসলামী শারী'য়াহ্ ভিত্তিক ফান্ডসমূহের শারী'য়াহ্ অ্যাডভাইজরি বোর্ড উপবিধি ২০১৯" বুঝাবে।

৪। আওতা

ক. শারী'য়াহ্ অ্যাডভাইজরি বোর্ড উপবিধি ২০১৯ "ইসলামী শারী'য়াহ্ ভিত্তিক ফান্ডসমূহের বিনিয়োগ" শারী'য়াহ্ বিধি অনুযায়ী পরিচালনার জন্য ব্যবহৃত হবে;

খ. শারী'য়াহ্ অ্যাডভাইজরি বোর্ড উপবিধি ২০১৯ ভবিষ্যতে আইএমসিএল কর্তৃক পরিচালিত অন্যান্য ইসলামী শারী'য়াহ্ ভিত্তিক মিউচ্যুয়াল ফান্ডসমূহের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

## দ্বিতীয় অধ্যায়

৫। শারী'য়াহ্ অ্যাডভাইজরি বোর্ড গঠন ও সদস্য মনোনয়ন

ক. ফিকহুল মু'আমালত বিষয়ে বিশেষজ্ঞ ০৫ (পাঁচ) জন শারী'য়াহ্ অ্যাডভাইজরি বোর্ডের সদস্য হিসাবে দায়িত্ব পালন করবেন;

খ. আইএমসিএল এর চেয়ারম্যান এবং হোল্ডিং কোম্পানির (আইসিবি) ব্যবস্থাপনা পরিচালক শারী'য়াহ্ অ্যাডভাইজরি বোর্ডের সদস্য হিসেবে দায়িত্ব পালন করবেন;

গ. আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড এর প্রধান নির্বাহী কর্মকর্তা পদাধিকার বলে শারী'য়াহ্ অ্যাডভাইজরি বোর্ডের সদস্য হিসেবে দায়িত্ব পালন করবেন;

ঘ. আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড এর কোম্পানি সচিব শারী'য়াহ্ অ্যাডভাইজরি বোর্ডের সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন;

ঙ. শারী'য়াহ্ অ্যাডভাইজরি বোর্ডের ফিকহুল মু'আমালত বিষয়ে বিশেষজ্ঞ সদস্যবৃন্দের শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও প্রকাশনা:

(১) শিক্ষাগত যোগ্যতা:

কামিল অথবা দাওরা অথবা আরবী ভাষায় গভীর জ্ঞানসহ ইসলামী শিক্ষা, আরবী, ইসলামী আইন, ইসলামী অর্থনীতি বা ইসলামী ব্যাংকিং এর ওপর স্নাতকোত্তর ডিগ্রীধারী হতে হবে।

(২) অভিজ্ঞতা ও প্রকাশনা:

(অ) কমপক্ষে ০৩ (তিন) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে অথবা ইসলামী বিচার ব্যবস্থা/ইসলামী আইন শাস্ত্র, ইসলামী ব্যাংকিং বা সংশ্লিষ্ট বিষয়ে গবেষণা কর্ম থাকতে হবে:

(আ) কোন দারুল ইফতা বা ফত্ওয়া বোর্ডের সদস্য হিসাবে শারী'য়াহ্ ভিত্তিক ব্যবসা বাণিজ্য, ব্যাংকিং ও আর্থিক বিষয়ে ফত্ওয়া দানে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে:

(ই) শারী'য়াহ্ ভিত্তিক ব্যবসা বাণিজ্য, ইসলামী ব্যাংকিং, ইসলামী অর্থনীতি ও ইসলামী বাণিজ্যিক বিধি বিধানের ওপর কোন স্বীকৃত জার্নালে প্রকাশিত তিনটি উন্নত মানের প্রবন্ধ অথবা এসব বিষয়ে ০৩ (তিন)টি বই থাকতে হবে।

৬। মেয়াদ

ক. শারী'য়াহ্ বোর্ড সদস্যগণের মেয়াদকাল ০৩ (তিন) বছর।

৭। সভাপতি

ক. শারী'য়াহ্ অ্যাডভাইজরি বোর্ড তাঁর ফিক্বহুল মু'আমালাত বিষয়ে বিশেষজ্ঞ সদস্যগণের মধ্য থেকে একজনকে সভাপতি মনোনীত করবে।

৮। সদস্য পদ বিলুপ্তি/অব্যাহতি

১. নিম্নোক্ত কারণে শারী'য়াহ্ অ্যাডভাইজরি বোর্ডের সদস্য পদ বাতিল/শূন্য বলে গণ্য হবে:

ক. কোনো সদস্যের মৃত্যু হলে;
খ. কোনো সদস্যের স্বেচ্ছায় পদত্যাগ করলে;
গ. কোনো সদস্য মানসিক ভারসাম্য হারালে;
ঘ. বোর্ড সভাপতি বা বোর্ড- এর পূর্বানুমতি ছাড়া কোনো সদস্য পরপর তিনটি বৈঠকে অনুপস্থিত থাকলে;
ঙ. ফান্ড বা বোর্ড এর নীতিমালা ও শৃঙ্খলা বিরোধী কোনো কার্যকলাপে জড়িত হলে;
চ. কোনো ধরনের বেআইনী/অবৈধ কার্যক্রমের সাথে সম্পৃক্ত হলে;
ছ. কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের ঋণখেলাপী হলে;
জ. যেকোনো আদালত কর্তৃক দন্ডিত হলে।

২. শারী'য়াহ্ অ্যাডভাইজরি বোর্ড এর অনুমোদন ব্যতীত কোনো সদস্যকে সদস্য পদ থেকে অব্যাহতি দেয়া যাবে না।

৯। সদস্য পদ পূরণ

ক. শারী'য়াহ্ অ্যাডভাইজরি বোর্ড এর কোনো পদ শূন্য হলে বোর্ডের সচিব অবিলম্বে এ পদ পূরণের জন্য ফান্ডসমূহের ট্রাস্টিকে অবহিত করবে এবং ট্রাস্টি এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

খ. শারী'য়াহ্ অ্যাডভাইজরি বোর্ডে কোনো পরিবর্তন সাধিত হলে সম্পদ ব্যবস্থাপক তা বাংলাদেশ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনকে অবহিত করবে।

১০। শারী'য়াহ্ অ্যাডভাইজরি বোর্ড সচিবালয়

ক. শারী'য়াহ্ বোর্ড এর সচিবালয় সম্পদ ব্যবস্থাপক কোম্পানির প্রধান কার্যালয়ে স্থাপিত হবে।

১১। শারী'য়াহ্ অ্যাডভাইজরি বোর্ড লাইব্রেরী

ক. শারী'য়াহ্ অ্যাডভাইজরি বোর্ড সচিবালয়ে কুরআন, হাদীস, ফিকহ্ ,উসুলে ফিকহ্, ইসলামী অর্থনীতি, ইসলামী ব্যাংকিং, ইসলামী ব্যবসা-বাণিজ্য ইত্যাদি বিষয়ের উপর রচিত পুস্তকাদির সমন্বয়ে একটি লাইব্রেরীর পাশাপাশি একটি ডিজিটাল লাইব্রেরীও থাকবে।

১২। কমিটি/সাব কমিটি গঠন

ক. শারী'য়াহ্ অ্যাডভাইজরি বোর্ড প্রয়োজনবোধে কার্যপরিধি (TOR) উল্লেখপূর্বক এক বা একাধিক সদস্যের সমন্বয়ে এক বা একাধিক কমিটি/সাব কমিটি গঠন করতে পারবে।

# তৃতীয় অধ্যায়

১৩। শারী'য়াহ্ অ্যাডভাইজরি বোর্ডের দায়িত্ব ও কর্তব্য

ক. ফান্ডের নিয়ম-কানুন পরীক্ষা নিরীক্ষা করা

বোর্ড শারী'য়াহ্র দিক থেকে ফান্ডসমূহের যাবতীয় কার্যপ্রণালী, ইনস্ট্রাকশন, নিয়ম-কানুন, গঠনতন্ত্র ইত্যাদির নির্ভুলতা সাব্যস্ত করার জন্য উক্ত বিষয়গুলো পরীক্ষা-নিরীক্ষা করবে।

**খ. শারী'য়াহ নিরীক্ষা ও পরিদর্শন**

ফান্ডসমূহের লেনদেন কার্যক্রমে ইসলামী শারী'য়াহ্র নীতিমালা প্রয়োগ এবং শারী'য়াহ্ পরিপালন নিশ্চিত করার লক্ষ্যে শারী'য়াহ্ অ্যাডভাইজরি বোর্ড ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে অবহিত করে প্রয়োজনে কোম্পানির প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ পরিদর্শন ও নিরীক্ষার ব্যবস্থা করবে। বোর্ড পরিদর্শন প্রতিবেদনের আলোকে শারী'য়াহ্ পরিপালনের ত্রুটি-বিচ্যুতি চিহ্নিত করবে এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পরামর্শ ও দিকনির্দেশনা প্রদান করবে। এছাড়া শারী'য়াহ্ আইন অনুযায়ী বিধিসম্মত বিনিয়োগের বিষয়ে সময়ে সময়ে বোর্ড ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে পরামর্শ প্রদান করবে।

গ. জনশক্তিকে প্রশিক্ষণ প্রদান

বোর্ড ফান্ডসমূহের গ্রাহক ও সংশ্লিষ্ট কর্মচারীকে ইসলামিক মিউচ্যুয়াল ফান্ড সম্পর্কে সজাগ ও সচেতন করার লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে এবং কোম্পানির নির্বাহী-কর্মকর্তাদের শারী'য়াহ্ সংক্রান্ত প্রশিক্ষণ ও দিকনির্দেশনা প্রদান করবে।

**ঘ. শারী'য়াহ্ বিষয়ক সার্কুলার জারি**

বোর্ড ফান্ডসমূহের বিভিন্ন কার্যক্রম সম্পর্কে শারী'য়াহ্ বিষয়ক নির্দেশনা সার্কুলার আকারে প্রেরণ করবে যেন ফান্ডে কর্মরত জনশক্তি জারিকৃত সার্কুলারের আলোকে কার্যক্রম পরিচালনার মাধ্যমে ফান্ডকে পূর্ণাঙ্গ ইসলামী শারী'য়াহ্ ভিত্তিক ফান্ডে পরিণত করতে সক্ষম হন।

ঙ. চুক্তিপত্র নিরীক্ষণ

সম্পদ ব্যবস্থাপক কোম্পানি ফান্ডসমুহে বিনিয়োগকারী এবং অন্যান্যদের সাথে আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক যেসব চুক্তিপত্র করে থাকে শারী'য়াহ্ অ্যাডভাইজরি বোর্ড তা স্টাডি করে সেগুলো সম্পর্কে মতামত প্রকাশ, অনুমোদন এবং শারী'য়াহ্ দৃষ্টিকোণ থেকে অগ্রহণযোগ্য হলে সংশোধন করতে পারবেন।

চ. চুক্তিপত্র ও অন্যান্য ডকুমেন্টস্ তৈরিতে ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে সহযোগিতা করা

ফান্ডসমূহের কার্যাবলী, চুক্তিপত্র ইত্যাদি শারী'য়াহ্ ভিত্তিক করার লক্ষ্যে ফান্ডের যাবতীয় ফরম পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনীয় সংশোধনী আনয়ন ও চুক্তিপত্র প্রণয়নে বোর্ডকে সহযোগীতা প্রদান করবে।

**ছ. ফত্ওয়া/ শারী'য়াহ্ বিষয়ক সিদ্ধান্ত ও মতামত প্রদান**

যে সকল বিষয় পরিচালনা বোর্ড বা ব্যবস্থাপনা কর্তৃপক্ষ শারী'য়াহ্ অ্যাডভাইজরি বোর্ডে উপস্থাপন করবে সে সকল বিষয় সম্পর্কে বোর্ড ফত্ওয়া, পরামর্শ এবং মতামত প্রদান করবে।

জ. তদারকি (SUPERVISSION)

শারী'য়াহ্ অ্যাডভাইজরি বোর্ড ফান্ডসমূহের যাবতীয় কার্যাবলী ইসলামী শারী'য়াহ্ মোতাবেক পরিচালিত হচ্ছে কি না তা তত্ত্বাবধান করবে।

ঝ. শারী'য়াহ্ গবেষণা

শারী'য়াহ্ বোর্ড বিনিয়োগ কর্মকান্ডের সাথে সংশ্লিষ্ট বিষয়ে শারী'য়াহ্ বিষয়ক গবেষণা পরিচালনা করবে।

ঞ. লাভ- লোকসান হিসাব ও ব্যালেন্স শিট অনুমোদন

বোর্ড ফান্ডসমূহের লাভ-লোকসান শারী'য়াহ্ নীতিমালা অনুযায়ী নির্ণীত হয়েছে কি না তা নিশ্চিতকরণপূর্বক চূড়ান্ত হিসাব (Final account) অনুমোদন করবে। এজন্য ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বা নিরীক্ষা ফার্ম কর্তৃক প্রস্তুতকৃত হিসাব বিবরণী ট্রাস্টি কর্তৃক অনুমোদনের পূর্বেই শারী'য়াহ্ অ্যাডভাইজরি বোর্ড কর্তৃক অনুমোদিত কোনো প্রতিষ্ঠানের মাধ্যমে ফান্ডসমূহের শারী'য়াহ্ নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করতে হবে।

ট. সালিশীর দায়িত্ব পালন

পরিচালনা বোর্ড/ট্রাস্টি কর্তৃক শারী'য়াহ্ অ্যাডভাইজরি বোর্ডের উপর কোনো সালিশীর দায়িত্ব অর্পিত হলে বোর্ড তা পালন করবে।

ঠ. বার্ষিক প্রতিবেদন প্রদান

শারী'য়াহ্ অ্যাডভাইজরি বোর্ড ফান্ডসমুহের বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্তির জন্য একটি বিশেষ স্টেটমেন্ট প্রদান করবে যাতে কোম্পানি কর্তৃক ফান্ডসমূহের লেনদেন সম্পর্কে এবং শারী'য়াহ্ অ্যাডভাইজরি বোর্ড কর্তৃক প্রদত্ত ফত্ওয়া, সিদ্ধান্ত ও নির্দেশাবলী ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক পরিপালিত হওয়ার বিষয়ে সম্পর্কে তার স্বাধীন মতামত অন্তর্ভুক্ত থাকবে।

ড. উচ্চতর শারী'য়াহ্ বোর্ডের মতামত গ্রহণ

শারী'য়াহ্ সংক্রান্ত কোনো বিষয়ে যদি শারী'য়াহ্ অ্যাডভাইজরি বোর্ডের সদস্যবৃন্দ একমত হতে না পারেন অথবা শারী'য়াহ্ সংক্রান্ত কোনো বিষয়ে গৃহীত বোর্ডের সিদ্ধান্ত কোম্পানির পরিচালনা বোর্ড/ট্রাস্টি পুরোপুরি সন্তুষ্ট হতে না পারে তাহলে উক্ত বিষয় নিষ্পত্তির জন্য ইসলামিক ফাউন্ডেশন বা সরকার কর্তৃক স্বীকৃত বা অনুমোদিত উচ্চতর শারী'য়াহ্ বোর্ড এর নিকট প্রেরণ করতে পারবে। উক্ত বিষয়ে উচ্চতর শারী'য়াহ্ বোর্ডের সিদ্ধান্ত চূড়ান্ত বলে সকলে গ্রহণ করে নিবে।

১৪। সচিবের দায়িত্ব

ক. সচিব বোর্ডের মুখপাত্র হিসেবে দায়িত্ব পালন করবেন এবং শারী'য়াহ্ অ্যাডভাইজরি বোর্ড সচিবালয়ের বিভিন্ন প্রকার কর্মকান্ড সমন্বয় ও সম্পাদন করবে;

খ. সচিব বোর্ডের সভাপতির সাথে পরামর্শ করে বোর্ডের অধিবেশন আহবান করবেন এবং প্রয়োজনে তা বাতিল করবেন। তিনি বোর্ডের সিদ্ধান্তাবলী ও প্রস্তাবনা সংশ্লিষ্ট দলিলাদি ও নথিপত্র সংরক্ষণ এবং সিদ্ধান্তসমুহ বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করবেন;

গ. ফান্ডসমুহের কার্যক্রম শারী'য়াহ্ নীতিমালা অনুযায়ী যথাযথভাবে পরিচালনার সুবিধার্থে প্রয়োজনে শারী'য়াহ্ অডিট পরিচালনা এবং অডিট প্রতিবেদন বোর্ড সভায় উপস্থাপন করবে।

# চতুর্থ অধ্যায়

১৫। শারী'য়াহ্ বোর্ডের প্রতি ব্যবস্থাপনা কর্তৃপক্ষের দায়িত্ব ও কর্তব্য

ক. বোর্ডের সিদ্ধান্তের মর্যাদা

শারী'য়াহ্ বোর্ডের সিদ্ধান্ত ও ফত্ওয়াসমূহের বাস্তবায়ন ফান্ডসমূহের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের উপর বাধ্যতামূলক। ফান্ডসমূহ পরিচালনায় শারী'য়াহ্ সংক্রান্ত বিষয়ে শারী'য়াহ্ অ্যাডভাইজরি বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। তবে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ প্রয়োজনবোধে কোনো উচ্চতর শারী'য়াহ্ বোর্ড এর নিকট আপিল করতে পারবে।

খ. শারী'য়াহ্ নীতিমালা বাস্তবায়ন

ফান্ডসমূহ তার কার্যক্রম ইসলামী শারী'য়াহ্ নীতিমালা ও বিধানাবলী অনুযায়ী পরিচালনা করছে, এ বিষয়ে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ নিশ্চয়তা প্রদান করবে। ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ফান্ডসমূহের লেনদেন কার্যক্রমে শারী'য়াহ্ বোর্ড কর্তৃক চিহ্নিত ত্রুটি-বিচ্যুতি পুনরাবৃত্তি রোধে কার্যকর পদক্ষেপ গ্রহণ করবে।

গ. লেনদেন সংক্রান্ত তথ্য সরবরাহ

ফান্ডসমূহ তার কার্যক্রম সম্পর্কে সম্যক অবহিত হতে সংশ্লিষ্ট দলিলাদি ও নথিপত্র সম্পর্কে জ্ঞাত হওয়া শারী'য়াহ্ বোর্ডের দায়িত্ব ও কর্তব্যের অন্তর্ভুক্ত। ফলশ্রুতিতে, শারী'য়াহ্ বোর্ডের চাহিদা অনুযায়ী ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ফান্ডসমূহের লেনদেন সংক্রান্ত যাবতীয় তথ্য যথাসময়ে বোর্ডকে সরবরাহ করবে।

ঘ. নতুন কার্যক্রমের শুরুতে তা অবহিত করা

ব্যবস্থাপনা কর্তৃপক্ষ নতুন কোনো কার্যক্রম শুরু করতে চাইলে তা শারী'য়াহ্ অ্যাডভাইজরি বোর্ডের পূর্বানুমোদন সাপেক্ষে করতে হবে।

ঙ. চাহিদানুযায়ী ব্যাখ্যা পেশ করা

ফান্ডসমূহের কার্যক্রমে যেসব বিষয় সম্পর্কে শারী'য়াহ্ অ্যাডভাইজরি বোর্ড ব্যাখ্যা তলব করবে সে সম্পর্কে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ নিখুঁত ও সুস্পষ্ট ব্যাখ্যা প্রদান করবে।

চ. গ্রাহক সমাবেশ আয়োজন করা

শারী'য়াহ্ অ্যাডভাইজরি বোর্ডের সদস্যদের সাথে মিলিত হওয়া, মত বিনিময় করা এবং তাঁদের কাছ থেকে শারী'য়াহ্ সংক্রান্ত বিষয়ে জানার জন্য ইউনিট ধারকগণের সুযোগ সৃষ্টির লক্ষ্যে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ প্রয়োজনবোধে গ্রাহক সমাবেশের আয়োজন করবে।

# পঞ্চম অধ্যায়

১৬। শারী'য়াহ্ অ্যাডভাইজরি বোর্ডের সভা

ক. শারী'য়াহ্ অ্যাডভাইজরি বোর্ড প্রয়োজন অনুযায়ী সভায় আয়োজন করবে।

খ. বোর্ডের দুই-তৃতীয়াংশ সদস্যের আবেদনের প্রেক্ষিতে অথবা পরিচালনা বোর্ড বা প্রধান নির্বাহী কর্মকর্তা বা বোর্ড সভাপতি প্রয়োজন মনে করলে অথবা বোর্ডের কাজের সুবিধার্থে সচিব তাৎক্ষণিকভাবে অথবা যে কোনো সময় জরুরি সভা আহবান করতে পারবেন।

গ. সভার অনুষ্ঠানের কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে সভার নোটিস বোর্ড সদস্যবৃন্দের কাছে পাঠাতে হবে। তবে জরুরি সভার ক্ষেত্রে এ নিয়ম প্রযোজ্য হবে না।

ঘ. শারী'য়াহ্ অ্যাডভাইজরি বোর্ডের সভাপতি এবং তাঁর অনুপস্থিতিতে সভার উপস্থিত সদস্যবৃন্দ কর্তৃক মনোনীত যে কোনো এক জন ফীক্বহুল মু'আমালাত বিষয়ে বিশেষজ্ঞ সদস্য সভায় সভাপতিত্ব করবেন।

ঙ. উপস্থিত সংখ্যাগরিষ্ঠ বোর্ড সদস্যের মতামতই বোর্ডের সিদ্ধান্ত বলে বলে বিবেচিত হবে। মত বিরোধের ক্ষেত্রে যদি উভয় মতের পক্ষে সমান সংখ্যক সদস্য থাকেন তাহলে সভাপতি যে মতের পক্ষে রায় প্রদান করবেন সেটাই বোর্ডের সিদ্ধান্ত বলে বিবেচিত হবে।

চ. শারী'য়াহ্ অ্যাডভাইজরি বোর্ডের উপস্থাপিত যে কোনো বিষয়ের উপর বিশেষজ্ঞ মতামত প্রয়োজন হলে পরিচালনা বোর্ডের এক বা একাধিক সদস্য বা তার প্রতিনিধি কিংবা অন্য কোনো বিশেষজ্ঞ/বিশেষজ্ঞগণকে সভায় অংশগ্রহণের জন্য আহবান করা যাবে।

ছ. কোম্পানির কোনো পরিচালক বা ব্যবস্থাপনা কর্তৃপক্ষের মধ্য থেকে কেউ শারী'য়াহ্ অ্যাডভাইজরি বোর্ডের সভায় উপস্থিত থাকতে আগ্রহী হলে বোর্ড চেয়ারম্যানের অনুমতিক্রমে তিনি বা তাঁরা সভায় উপস্থিত হতে পারবেন।

১৭। সভার কোরাম

ক. বোর্ড-এর সদস্যবৃন্দের মধ্য হতে ন্যূনতম এক-তৃতীয়াংশ সদস্য উপস্থিত হলে কোরাম পূর্ণ হয়েছে বলে গণ্য করা হবে।

১৮। সম্মানী ও ভাতা

ক. শারী'য়াহ্ অ্যাডভাইজরি বোর্ডের প্রত্যেক সদস্য বোর্ডের প্রতি সভায় উপস্থিতি এবং ফান্ডের অন্য কোনো কাজের জন্য সময় সময় পরিচালনা বোর্ড কর্তৃক নির্ধারিত পরিমাণ সম্মানী ও অন্যান্য ভাতা প্রাপ্য হবেন।

খ. পর্যবেক্ষক ও বিশেষজ্ঞগণও শারী'য়াহ্ বোর্ডের সদস্যদের অনুরূপ সম্মানী প্রাপ্য হবেন ।

গ. শারী'য়াহ্ অ্যাডভাইজরি বোর্ড কর্তৃক গঠিত কমিটি/সাব কমিটির সভায়ও সদস্যবৃন্দ অনুরূপ সম্মানী প্রাপ্য হবেন ।

১৯। উপবিধি সংশোধন

ক. শারী'য়াহ্ অ্যাডভাইজরি বোর্ড এর ন্যূনতম দুই-তৃতীয়াংশ সদস্যদের সুপারিশ, মতামত বা সিদ্ধান্তের ভিত্তিতে এ উপবিধিতে কোম্পানির পরিচালনা বোর্ড প্রয়োজনে পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন ও সংযোজন করতে পারবে।